

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪১৬

আগরতলা, ৩০ সেপ্টেম্বর, ২০২৪

২ অক্টোবর বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে গান্ধী জন্মজয়ন্তী

আগামী ২ অক্টোবর বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী পালন করা হবে। মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলায়। ২ অক্টোবর সকাল ৮টা ৪৫ মিনিটে সার্কিটহাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জানাবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। এরপর ভজন এবং আধ্যাত্মিক সংগীত পরিবেশন করা হবে। এরপর ৮টা ৫৭ মিনিটে গান্ধীঘাটে জাতীয় পতাকা উত্তোলন করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। জাতীয় পতাকা উত্তোলনের পর ভজন, রামধুন পরিবেশন করা হবে এবং গান্ধীজীর লেখা থেকে পাঠ করা হবে। গীতা, কোরান, বাইবেল এবং বুদ্ধজাতক পাঠ করা হবে। ৯টা ২৭ মিনিটে রাজ্যপাল এবং অন্যান্য অতিথিগণ গান্ধীবেদিতে পুষ্পার্ঘ অর্পণ করে মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন।
